রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, নভেম্বর ২৭, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**আইন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪৩১/১৯ নভেম্বর ২০২৪

**নং ৪০.০০.০০০০.০১৫.২২.০০৩.২০(পার্ট-২)-২১০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত ২০১৮)'- সংশোধনের লক্ষ্যে প্রতিবেদন প্রস্তুত করার জন্য গত ২০ সেপ্টেম্বর ২০২২ তারিখের প্রজ্ঞাপন নং ৪০.০০.০০০০.০১৫.২২.০০৩.২০-১৮৫ রহিত করে নিম্নোক্তভাবে সরকার-মালিক-শ্রমিক প্রতিনিধির সমন্বয়ে একটি ত্রিপক্ষীয় কমিটি গঠন করা হলো:

(ক) ত্রিপক্ষীয় কমিটি:

| ক্র/নং | নাম, পদবি ও কর্মস্থল | পদমর্যাদা |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২. | যুগ্মসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | যুগ্মসচিব (আন্তর্জাতিক সংস্থা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | বাণিজ্য মন্ত্রণালয়ের ০১ (এক) জন প্রতিনিধি | সদস্য |
| ৫. | পাট ও বস্ত্র মন্ত্রণালয়ের ০১ (এক) জন প্রতিনিধি | সদস্য |
| ৬. | শিল্প মন্ত্রণালয়ের ০১ (এক) জন প্রতিনিধি | সদস্য |
| ৭. | শ্রম অধিদপ্তরের ০১ (এক) জন প্রতিনিধি | সদস্য |
| ৮. | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ০১ (এক) জন প্রতিনিধি | সদস্য |
| ৯. | বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের ০১ (এক) জন প্রতিনিধি | সদস্য |


**মূল্য :** টাকা ৪.০০

| ক্র/নং | নাম, পদবি ও কর্মস্থল | পদমর্যাদা |
|---|---|---|
| ১০. | কেন্দ্রীয় তহবিলের ০১ (এক) জন প্রতিনিধি | সদস্য |
| ১১. | সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন | সদস্য |
| ১২. | বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ)-এর ০১ (এক) জন প্রতিনিধি | সদস্য |
| ১৩. | বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ)-এর ০১ (এক) জন প্রতিনিধি | সদস্য |
| ১৪. | সভাপতি, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল | সদস্য |
| ১৫. | সাধারণ সম্পাদক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন | সদস্য |
| ১৬. | সভাপতি, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন সংঘ | সদস্য |
| ১৭. | যুগ্মসচিব/উপসচিব/সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (আইন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য-সচিব |

(খ) কমিটির কার্যপরিধি:

(১) ‘বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত ২০১৮)’- পুনরায় সংশোধনের লক্ষ্যে খসড়া প্রতিবেদন প্রণয়ন বিষয়ে পর্যালোচনাপূর্বক প্রতিবেদন প্রস্তুতকরণ;

(২) কমিটি আলোচ্য বিষয়ে প্রতিবেদন প্রস্তুতকরতঃ সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবরে দাখিল করবে।

(৩) ‘বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত ২০১৮)’- পুনরায় সংশোধন সংক্রান্ত ত্রিপক্ষীয় কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান**
সহকারী সচিব (আইন)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd